**ভুটানের রাজা মহামহিম জিগমে খেসর নামগিয়েল ওয়াংচুক-এর সরকারি সফর সম্পর্কে যৌথ বিবৃতি (05-06 ডিসেম্বর, 2024)**

05 ডিসেম্বর, 2024

ভুটানের রাজা, মহামহিম জিগমে খেসর নামগিয়েল ওয়াংচুক এবং ভুটানের রানি, মহামহিম জেটসান পেমা ওয়াংচুক, 05-06 ডিসেম্বর 2024 তারিখে ভারতে সরকারি সফরে এসেছেন। ভুটানের মহারাজা ও মহারানির সাথে শক্তি ও প্রাকৃতিক সম্পদ মন্ত্রী, মহামহিম শ্রী জেম শেরিং এবং ভুটানের রাজতান্ত্রিক সরকারের বর্ষীয়ান আধিকারিকরা এসেছেন।

2. এই সফরের সময়, ভুটানের মহামহিম রাজা এবং প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী পারস্পরিক স্বার্থের ক্ষেত্রে সম্পূর্ণ দ্বিপাক্ষিক সহযোগিতা এবং বিভিন্ন আঞ্চলিক ও বিশ্বব্যাপী সমস্যার সমাধান সম্পর্কে আলোচনা করেছেন। বিদেশ মন্ত্রী ডঃ এস জয়শঙ্কর এবং বর্ষীয়ান আধিকারিকরা ভুটানের মহামহিম রাজার সাথে সৌজন্য স্বাক্ষাৎ করেছেন।

3. ভারত এবং ভুটানের সম্পর্ক বন্ধুত্ব ও সহযোগিতামূলক, যা সব স্তরে পারস্পরিক বোঝাপড়া, বিশ্বাস ও ব্যতিক্রমী সহযোগিতার নজির গড়ে তুলেছে। এই দ্বিপাক্ষিক আলোচনাগুলি গভীর বন্ধুত্ব গভীরতর করার লক্ষ্যে আয়োজিত হয়েছিল এবং এখানে দুই দেশের মধ্যে বিদ্যমান শক্তিশালী ঐতিহাসিক সম্পর্ক, সদিচ্ছা এবং বোঝাপড়ার প্রতিফলন দেখা গিয়েছে।

4. এই দুই নেতা 2024 সালের মার্চে তাঁদের অংশগ্রহণ করা শেষ বৈঠক থেকে করা উল্লেখযোগ্য অগ্রগতির প্রতি সন্তুষ্টি প্রকাশ করেছেন এবং বিভিন্ন সেক্টরে সহযোগিতার পাশাপাশি যে সকল নিয়মিত উচ্চ-স্তরের সফর এবং আলোচনার আয়োজন করা হয়, তাকে স্বাগত জানিয়েছেন। তারা ব্যবসা এবং অর্থনৈতিক সংযোগ, পরিকাঠামো, শক্তি, দক্ষতা উন্নয়ন, শিক্ষা, স্বাস্থ্য, সাংস্কৃতিক ঐতিহ্য, ক্যাপাসিটি বিল্ডিং, স্পোর্টস, ইয়ুথ এক্সচেঞ্জ, ডিজিটাল অর্থনীতি, ই-মোবিলিটি, স্পেস প্রযুক্তি, পরিবেশ সংরক্ষণ এবং জনগণের সাথে বন্ধন সহ দুই দেশের মধ্যে বিদ্যমান নানা অংশীদারিত্বের ইতিবাচক মূল্যায়ন করা হয়েছে।

5. ভুটানের মহামহিম রাজা এবং ভারতের প্রধানমন্ত্রী দুই দেশের অসাধারণ দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে সন্তুষ্টি প্রকাশ করেছেন এবং এই অনন্য সম্পর্ক আরও শক্তিশালী করার লক্ষ্যে তাদের প্রতিশ্রুতি পুনরায় নিশ্চিত করেছেন। ভুটানের সামাজিক-অর্থনৈতিক উন্নয়নের জন্য

ভারত সরকার যে অমূল্য সহায়তা প্রদান করেছে, তার উল্লেখ করে সেই দেশের মহামহিম রাজা প্রশংসা করেছেন।

6. ভারতের প্রধানমন্ত্রী ভুটানের সাথে বন্ধুত্ব ও সহযোগিতার স্থায়ী সম্পর্কের প্রতি তাদের আন্তরিক প্রতিশ্রুতি পুনরায় নিশ্চিত করার পাশাপাশি জানিয়েছেন যে, ভুটানের সামাজিক-অর্থনৈতিক উন্নয়ন ক্ষেত্রে অবিরত ও সম্পূর্ণ সমর্থন প্রদান জারি থাকবে, যা ভুটানের রাজতান্ত্রিক সরকার এবং মহামহিম রাজার অগ্রাধিকারের উপর ভিত্তি করে তা নির্ধারিত হবে।

7. ভুটানের তরফে 13তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (2024-29) এবং RGoB-এর ইকোনমিক স্টিমুলাস প্রোগ্রামে ভারতীয় সহযোগিতার দ্বারা ভুটানের উন্নয়নে সহায়তা করার জন্য ভারত সরকারকে ধন্যবাদ জানানো হয়েছে।

8. ভুটানের মহামহিম রাজা ভারতের প্রধানমন্ত্রীর সাথে জেলেফু মাইন্ডফুলনেস সিটি স্পেশাল অ্যাডমিনিস্ট্রেটিভ অঞ্চলের প্রতি তার দৃষ্টিভঙ্গি বাস্তবায়নের অগ্রগতি এবং ভারত ও ভুটান কীভাবে উভয় দেশের জনগণ ও এলাকার উন্নতি করার জন্য এই প্রকল্পে একসাথে কাজ করতে পারে, সেই বিষয়ে আলোচনা করেন। জেলেফু মাইন্ডফুলনেস সিটি প্রোজেক্টের জন্য ভারতের প্রধানমন্ত্রী ভুটানের মহামহিম রাজাকে ক্রমাগত সমর্থন করার বিষয়ে আশ্বাস দিয়েছেন, যা ভুটান এবং সীমান্তবর্তী অঞ্চলে সমৃদ্ধি ও প্রাচুর্য আনবে এবং দুই দেশের মধ্যে অর্থনৈতিক ও বিনিয়োগের সংযোগকে আরও শক্তিশালী করবে।

9. ক্লিন এনার্জি সহযোগিতা হল ভারত-ভুটান দ্বিপাক্ষিক অংশীদারিত্বের একটি গুরুত্বপূর্ণ স্তম্ভ। 2024 সালের মার্চে ভুটান সফরের সময় প্রকাশিত ভারত-ভুটান এনার্জি পার্টনারশিপ-এর যৌথ ভিশন স্টেটমেন্টে বিস্তারিত ভাবে বর্ণিত পারস্পরিক সুবিধাজনক সহযোগিতা আরও শক্তিশালী করার জন্য উভয় দেশের প্রতিশ্রুতি পুনরায় নিশ্চিত করা হয়েছে, নেতারা এনার্জি সেক্টরের কৌশলগত অংশীদারিত্বের ক্ষেত্রে সাম্প্রতিক অগ্রগতি পর্যালোচনা করেছেন, যার মধ্যে ভারতীয় ও ভুটানের সংস্থাগুলির মধ্যে নন-হাইড্রো রিনিউয়েবল এনার্জি অন্তর্ভুক্ত রয়েছে, এর ভারতীয় ফাইন্যান্সিং এবং এনার্জি মার্কেটে অ্যাক্সেস রয়েছে।

10. তারা সন্তুষ্টি প্রকাশ করেছেন যে 1020 মেগাওয়াট পুনাতশাংচু-II জলবিদ্যুৎ প্রকল্প সম্পূর্ণ হতে চলেছে এবং অদূর ভবিষ্যতে এটি কাজ শুরু করবে। নেতারা পুনাতশাংচু-I জলবিদ্যুৎ প্রকল্পের কাজ সময়ের আগেই শেষ করার প্রয়োজনীয়তা সম্পর্কে সম্মত হয়েছেন। উভয় পক্ষ জলবিদ্যুৎ খাতে সহযোগিতার গুরুত্ব নিশ্চিত করেছেন এবং রিজার্ভয়ার জল প্রকল্প সহ

নতুন প্রকল্পগুলির জন্য জরুরি ভিত্তিতে রূপরেখা চূড়ান্ত করার মাধ্যমে সেগুলি এগিয়ে নিয়ে যাওয়ার জন্য তাদের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন।

11. উভয় দেশের নেতারা আসাম-এর দারাংগাতে ইন্টিগ্রেটেড চেক পোস্ট খোলার বিষয়ে সন্তুষ্টি প্রকাশ করেছেন, যা পূর্ব ভুটান এবং আসাম-এর সীমান্ত অঞ্চলে পর্যটন এবং অর্থনৈতিক কার্যক্রম বাড়াতে পারে।

12. তারা সন্তুষ্টির সাথে উল্লেখ করেছেন যে, আন্তঃসীমান্ত সংযোগ এবং পরিকাঠামো প্রকল্পের মতো পূর্ববর্তী বৈঠকের সময়ে গৃহীত বিভিন্ন উদ্যোগের কাজ নিয়মিত হারে এগিয়ে চলেছে, যার মধ্যে আন্তঃসীমান্ত রেল সংযোগ প্রতিষ্ঠা এবং ডিজিটাল সংযোগকে উৎসাহিত করা অন্তর্ভুক্ত রয়েছে। উভয় পক্ষ দ্বিপাক্ষিক ব্যবসা ও বাণিজ্য আরও উন্নত করার জন্য সাম্প্রতিক সিদ্ধান্তগুলির কথা উল্লেখ করেছে।

13. নেতারা মহাকাশ খাতে অগ্রগতিকে স্বাগত জানিয়েছেন, বিশেষত সহযোগিতার জন্য যৌথ কর্মপরিকল্পনা বাস্তবায়নে এবং এসটিইএম ডিসিপ্লিনের উপর জোর দেওয়ার পাশাপাশি সামগ্রিক ভাবে শিক্ষা ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধি বিষয়ে সন্তুষ্টি প্রকাশ করেন।

14. ভুটানের মহামহিম রাজার সফর এই দুই দেশের মধ্যে নিয়মিত উচ্চ-স্তরীয় আদান-প্রদানের দীর্ঘস্থায়ী পরম্পরাকে আরও শক্তিশালী করে তুলেছে। মহামহিম রাজার ভারত সফর উভয় দেশকে দ্বিপাক্ষিক সহযোগিতার সম্পূর্ণ বৃদ্ধি সম্পর্কে পর্যালোচনা করার এবং ভারত ও ভুটানের মধ্যে ঘনিষ্ঠ দ্বিপাক্ষিক অংশীদারিত্বকে আরও উন্নত করে তোলার সুযোগ প্রদান করেছে।

**নিউ দিল্লি**

**05 ডিসেম্বর, 2024**